



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭২৩১৩৪২১/১০৭৬০/২/ নথি নং-১২৪

তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত এডহক কমিটি ভেঞ্জে দেয়া প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭২৩১৩৪২১/১০৭৪৪/ নথি নং-১২৪; তারিখঃ ০৫.০৩.২০১৮খ্রিঃ
২) নং-০৫.১০.০৪০৯.০০১.০১.০৯.১৭-১২০; তারিখঃ ১৩ ফেব্রুয়ারি ২০১৮
৩) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭২৩১৩৪২১/১০৭৩৭/ নথি নং-১২৪; তারিখঃ ১৩.০১.২০১৮খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন গুলিশাখালী দাখিল মাদ্রাসার সহ-সুপার মোঃ আব্দুল মান্নান কর্তৃক অবৈধভাবে গোপনে এডহক কমিটি গঠনে পায়তারা করাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে মাদ্রাসার সুপার এম এ ছোবহান মিয়া অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন।

উপরিলিখিত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনাকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আমতলী, বরগুনা এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিভাবক সদস্য মনোনয়ন গ্রহণ সংক্রান্ত পত্রটি জালিয়াতির মাধ্যমে করা হয়েছে।

পরবর্তীতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে অত্র বোর্ড হতে অনুমোদিত এডহক কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে যে জবাব দাখিল করা হয়েছে, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে অত্র বোর্ড হতে নং বামাশিবো/প্রশা/২৩১১৭১০০০৭৭১/৩১৩৭/নথি নং- ১২৪ তারিখঃ ৩০-১০-২০১৭ খ্রিঃ স্মারকে অনুমোদিত এডহক কমিটি এতদ্বারা ভেঞ্জে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


25.4.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার, গুলিশাখালী দাখিল মাদ্রাসা, ডাকঘর- গুলিশা খালী, আমতলী, বরগুনা।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭২৩১৩৪২১/১০৭৬০/২/ নথি নং-১২৪

তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা।
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আমতলী, বরগুনা।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঞ্জে দেয়া এডহক কমিটি, গুলিশাখালী দাখিল মাদ্রাসা, ডাকঘর- গুলিশা খালী, আমতলী, বরগুনা।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪